

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

Tel: 9144252-3, Fax: 9180968, E-mail: info@cptu.gov.bd; Website: www.cptu.gov.bd

নং-২১.০০.০০০০.৩৬৩.২২.৯৩৮.১৭-২৫১

তারিখঃ ২০/০৫/২০১৮

বিষয়ঃ "ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের বিভিন্ন ক্ষতিগ্রস্থ সড়ক অবকাঠামো উন্নয়নসহ নর্দমা ও ফুটপাথ নির্মাণ" শীর্ষক প্রকল্পের আওতায় প্যাকেজ W-43 (e-GP tender ID-145656) এর দরপত্রে অংশগ্রহণকারী দরদাতা M/S Kohinoor Enterprise এর অনুকূলে Southest Bank Limited কর্তৃক দাখিলকৃত Credit Line Certificate প্রসঙ্গে।

সূত্র: নং-৪৬.১০.০০০০.০৩৩.৯৯.১৩৬.১৮; তাং- ১৯/০৪/২০১৮

উপর্যুক্ত বিষয়ে সূত্রাধীন স্মারকের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, দরপত্র মূল্যায়নকালে দরদাতা কর্তৃক দাখিলকৃত তথ্যাদি ও দলিলাদি যাচাইয়ের এখতিয়ার দরপত্র মূল্যায়ন কমিটির।

০২। বিবেচ্য পত্রের তথ্য মতে দেখা যায়, প্যাকেজ W-43 এ সংশ্লিষ্ট দরদাতা কর্তৃক দাখিলকৃত Letter of commitment for Bank's undertaking for line of credit এর সত্যতা এবং যথার্থতা বিষয়ে সংশ্লিষ্ট ব্যাংক প্রথম পত্রে (তাং-১৪/০৩/২০১৮) সুস্পষ্ট মতামত দিয়েছে যেটি দরপত্র মূল্যায়ন কমিটি বিবেচনা না করে উক্ত তথ্যের সত্যতা যাচাইয়ের জন্য সংশ্লিষ্ট ব্যাংককে পুনরায় পত্র প্রেরণ করার বিষয়টি স্পষ্ট নয়। এখানে উল্লেখ্য, দরদাতার আর্থিক সামর্থ্য একটি সদা চলমান অবস্থা যা নিয়ত পরিবর্তনশীল। ফলে আর্থিক সক্ষমতার সমর্থনে কোন ব্যাংক কর্তৃক ইস্যুকৃত উপযুক্ত সনদ/প্রমাণক দাখিল করা হলে তা যাচাই অস্ত্রে সঠিকতা ও যথার্থতা বিবেচনাপূর্বক গ্রহণ করার বিষয়ে দরপত্র মূল্যায়ন কমিটিকেই সিদ্ধান্ত নিতে হবে।

০৩। অন্যদিকে, অপর ৪টি প্যাকেজ যথাঃ প্যাকেজ নং- ১১, ১৬, ২৮ ও ৪২ এর বিপরীতে দাখিলকৃত Letter of commitment এর সত্যতা যাচাইয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যাংক সুস্পষ্ট মতামত দেয়ার পরেও একই বিষয়ে পুনরায় সংশ্লিষ্ট ব্যাংকের প্রধান কার্যালয়ে পত্র প্রেরণ করার কারণও অস্পষ্ট, যদিও যার জবাবে প্রধান কার্যালয় পুনরায় সুস্পষ্ট মতামত দিয়েছে।

০৪। এমতাবস্থায়, বিবেচ্য পত্রে উল্লিখিত দলিল এর সত্যতা এবং যথার্থতা বিষয়ে সংশ্লিষ্ট ব্যাংক এর জবাবের আলোকে যথাযথ সিদ্ধান্ত গ্রহণের এখতিয়ার মূল্যায়ন কমিটির।

০৫। বিবেচ্য পত্রে প্রদত্ত তথ্যের ভিত্তিতে এ মতামত প্রদান করা হলো।

প্রধান প্রকৌশলী
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
নগর ভবন, প্লট নং ২৩-২৬
গুলশান-২, ঢাকা।

(মোহাম্মদ সালাহ উদ্দিন)

উপপরিচালক

ফোনঃ ৯১৮০৬৬৪

cptudd2@cptu.gov.bd

অনুলিপিঃ

১. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়।
২. অফিস কপি।